



আজ মালয়েশিয়া সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

সরকার গঠনের পর প্রথম রাষ্ট্রীয় সফরে আজ মালয়েশিয়ার উদ্দেশে ঢাকা ছাড়ছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। মালয়েশিয়া সফর শেষে তিনি চীন সফরেও যাবেন। রোববার (২১ জুন) বিকেলে কুয়ালালামপুরের উদ্দেশে রওনা হওয়ার কথা রয়েছে প্রধানমন্ত্রীর। সফরের প্রথম ধাপে মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে অংশ নেবেন তিনি।

বৈঠকে শ্রমবাজার সম্প্রসারণ, আসিয়ানে বাংলাদেশের সদস্যপদ, বাণিজ্য ও বিনিয়োগ সহযোগিতাসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ ইস্যু আলোচনায় আসতে পারে। পাশাপাশি কয়েকটি সমঝোতা স্মারক ও সহযোগিতা চুক্তি সই হওয়ার সম্ভাবনাও রয়েছে।

মালয়েশিয়া সফর শেষে মঙ্গলবার সরাসরি চীনের দালিয়ান শহরে যাবেন প্রধানমন্ত্রী। সেখানে বিশ্ব অর্থনৈতিক ফোরামের 'নিউ চ্যাম্পিয়নস' সম্মেলনে অংশ নেওয়ার পাশাপাশি বিভিন্ন দেশের নেতাদের সঙ্গে বৈঠকের সম্ভাবনা রয়েছে।

চীন সফরের সময় দেশটির প্রধানমন্ত্রীর সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন তারেক রহমান। এ সফরে একাধিক সমঝোতা স্মারক ও চুক্তি স্বাক্ষরের প্রস্তুতি রয়েছে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে।

সফরের শেষ পর্যায়ে চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সঙ্গে সাক্ষাৎ করবেন প্রধানমন্ত্রী। নির্ধারিত কর্মসূচি শেষে ২৬ জুন রাতে তার দেশে ফেরার কথা রয়েছে।